

া কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

কাফেররা অন্ধ ও চেহারার উপর ভর করে উপস্থিত হবে

আল্লাহ তা'আলা বলেন.

وَمَن £ أَع £رَضَ عَن ذِك £رِي فَإِنَّ لَهُ £ مَعِيشَةٌ ضَنكًا وَنَد £شُرُهُ £ يَو £مَ ٱل القِيْمَةِ أَع هَمَٰ كَا قَالَ رَبِّ لِمَ ﴿ حَشَر اللَّهِ عَن ذِك رَبِي فَإِنَّ لَهُ ۚ مَعِيشَةٌ ضَنكًا وَنَد اللَّهُ وَاللَّهُ اللَّهِ اللَّهِ عَن ذِك اللَّهُ وَكَذَٰلِكَ اللَّهِ عَن ذِك اللَّهُ عَن لَهُ كَذَٰلِكَ اللّهَ عَن اللّهُ عَن اللّهُ عَن اللهُ عَن اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ لَهُ عَن اللّهُ عَنْ اللّهُ عَلَيْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَن اللّهُ عَنْ اللّهُ عَلَيْ اللّهُ عَنْ عَنْ اللّهُ عَلَيْكُ عَلَيْمُ عَلَيْكُمْ عَنْ عَاللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَنْ عَنْ عَنْ عَنْ عَنْ عَلَى اللّهُ عَلَيْكُ عَاللّهُ عَلَا اللّهُ عَلَالُهُ عَلَا اللّهُ عَنْ اللّهُ عَنْ اللّهُ عَلَا اللّهُ عَلَى اللّهُ عَلَا اللّهُ عَلَا اللّهُ عَلَا الللّهُ عَلَا اللّهُ عَلَا اللّهُ عَلَا اللّهُ عَنْ اللّهُ عَلَا عَلْكُولُولُ عَلْمُ عَلَا عَلْمُ عَلَا عَلْمُ عَلَا عَلْمُ عَلَا اللّهُ عَلَا عَلْمُ عَلَا عَلْمُ عَلَا عَلْمُ عَلَا عَا عَلَا عَا عَلَا عَلَّا عَلَا عَلَّا عَلَا عَلَا عَلَا عَلَا عَلَا عَلَا عَلَا عَلَا عَلَا عَلَّا عَلَا عَلّا عَلَا عَلَا عَلَا عَلّا عَلْمَا عَلَا عَلَا عَلّا عَلَا عَلَا عَلَا عَلّا عَلَا عَلّا عَلَا عَلّا عَلَا عَلّا عَلّا عَلّا عَلَا عَلّا عَلَا عَلَا عَلَا عَلَ

"আর যে আমার স্মরণ থেকে মুখ ফিরিয়ে নেবে, তার জন্য হবে নিশ্চয় এক সংকুচিত জীবন এবং আমি তাকে কিয়ামত দিবসে উঠাবো অন্ধ অবস্থায়। সে বলবে, হে আমার রব, কেন আপনি আমাকে অন্ধ অবস্থায় উঠালেন? অথচ আমি তো ছিলাম দৃষ্টিশক্তি সম্পন্ন? তিনি বলবেন, এমনিভাবেই তোমার নিকট আমার নিদর্শনাবলী এসেছিল, কিন্তু তুমি তা ভুলে গিয়েছিলে এবং সেভাবেই আজ তোমাকে ভুলে যাওয়া হলো"। [সূরা ত্বাহা, আয়াত: ১২৪-১২৬] তিনি আরো বলেন.

وَنَحااَشُرُهُما يَوا مَ ٱلاَقِيِّمَةِ عَلَىٰ وُجُوهِهِما عُمايَنًا وَيُكامَّا وَصُمَّا مَّا وَلَهُما جَهَنَّمُ كُلَّمَا خَبَتا ﴿ وَنَحاشُرُهُما يَوا مَ ٱللَّقِيِّمَةِ عَلَىٰ وُجُوهِهِما عُمايَنًا وَيُكامِّا وَصُمَّا مَّا وَلَهُما مَا يَوا مُ اللَّهِ اللَّمِ اللَّهِ عَلَىٰ وَجُوهِهِما عُمايَنًا عَلَىٰ وَجُوهِهِما عُمايَنًا وَيُكامِّمُ اللَّهِ اللَّهِ اللَّهُما عَلَىٰ وَعَلَىٰ وَعَلَيْمُ وَاللَّهُ مِنْ اللَّهِ عَلَىٰ وَعَلَىٰ عَلَىٰ وَعَلَىٰ عَلَىٰ عَلَىٰ عَلَىٰ وَعَلَىٰ وَعَلَىٰ عَلَىٰ عَلَى عَلَىٰ عَلَىٰ

"আর আমরা কিয়ামতের দিনে তাদেরকে একত্র করব উপুড় করে, অন্ধ, মূক ও বধির অবস্থায়। তাদের আশ্রয়স্থল জাহান্নাম; যখনই তা নিস্তেজ হবে তখনই আমি তাদের জন্য আগুন বাড়িয়ে দেব"। [সূরা আল-ইসরা, আয়াত: ৯৭]

হাদীসে এসেছে: আনাস রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত,

أَنَّ رَجُلًا قَالَ: يَا نَبِيَّ اللَّهِ يُحْشَرُ الكَافِرُ عَلَى وَجْهِهِ يَوْمَ القِيَامَةِ؟ قَالَ: «أَلَيْسَ الَّذِي أَمْشَاهُ عَلَى الرِّجْلَيْنِ فِي» «الدُّنْيَا قَادرًا عَلَى أَنْ يُمْشِيَهُ عَلَى وَجْهِهِ يَوْمَ القِيَامَةِ» قَالَ قَتَادَةُ: بَلَى وَعِزَّةٍ رَبِّنَا

"এক ব্যক্তি জিজ্ঞেস করল, ইয়া রাসূলাল্লাহ! কিয়ামতের দিন কাফিরদের কীভাবে চেহারার উপর উপুর করে উঠানো হবে? তিনি বললেন: যে মহান সত্ত্বা দুনিয়াতে দু'পা দিয়ে চলাচল করিয়েছেন, তিনি কি কিয়ামতের দিন মুখ-মন্ডল দিয়ে চলাচল করাতে পারবেন না? কাতাদা বললেন: অবশ্যই তিনি পারবেন, মহান রবের সম্মানের কসম করে বলছি"।[1]

আবু হুরায়রা রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«يَعْرَقُ النَّاسُ يَوْمَ القِيَامَةِ حَتَّى يَذْهَبَ عَرَقُهُمْ فِي الأَرْضِ سَبْعِينَ ذِرَاعًا، وَيُلْجِمُهُمْ حَتَّى يَبْلُغَ آذَانَهُمْ»

"কিয়ামতের দিন মানুষ ঘর্মাক্ত হবে। এমনকি যমীনের সত্তর হাত ঘামে ডুবে যাবে। তাদের ঘামে তারা কান পর্যন্ত



ডুবে যাবে"।[2]

মিকদাদ ইবন আসওয়াদ রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি,

تُدْنَى الشَّمْسُ يَوْمَ الْقِيَامَةِ مِنَ الْخَلْقِ، حَتَّى تَكُونَ مِنْهُمْ كَمِقْدَارِ مِيلِ» _ قَالَ سُلَيْمُ بْنُ عَامِرٍ: فَوَاللهِ مَا أَدْرِي» مَا يَعْنِي بِالْمِيلِ؟ أَمَسَافَةَ الْأَرْضِ، أَمِ الْمِيلَ الَّذِي تُكْتَحَلُ بِهِ الْعَيْنُ _ قَالَ: «فَيَكُونُ النَّاسُ عَلَى قَدْرِ أَعْمَالِهِمْ فِي مَا يَعْنِي بِالْمِيلِ؟ أَمَسَافَةَ الْأَرْضِ، أَمِ الْمِيلَ الَّذِي تُكْتَحَلُ بِهِ الْعَيْنُ _ قَالَ: «فَيَكُونُ النَّاسُ عَلَى قَدْرِ أَعْمَالِهِمْ فِي الْعَرْقِ، فَمِنْهُمْ مَنْ يَكُونُ إِلَى حُقْوَيْهِ، وَمِنْهُمْ مَنْ يُلْجِمُهُ الْعَرَقِ، فَمِنْهُمْ مَنْ يَكُونُ إِلَى رُكْبَتَيْهِ، وَمِنْهُمْ مَنْ يَكُونُ إِلَى حَقْقِيْهِ، وَمِنْهُمْ مَنْ يُلْجِمُهُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَدِهِ إِلَى فِيهِ الْعَرَقُ إِلْجَامًا» قَالَ: وَأَشَارَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَدِهِ إِلَى فِيهِ

"কিয়ামত দিবসে সূর্য মানুষের খুব নিকটবর্তী হবে। এমনকি এর দুরত্ব এক মাইল পরিমাণ হবে। এ সম্পর্কে সুলাইম ইবন আমের বলেন, আল্লাহর শপথ! মাইল বলতে এখানে কোনো মাইল তিনি বুঝিয়েছেন আমি তা জানি না। জমির দূরত্ব পরিমাপের মাইল বুঝিয়েছেন, না সুরমা দানির মাইল (শলাকা) বুঝিয়েছেন? মানুষ তার আমল অনুযায়ী ঘামের মধ্যে থাকবে। কারো ঘাম হবে পায়ের গিরা বরাবর। কারো ঘামের পরিমাণ হবে কামর বরাবর। আবার কারো ঘামের পরিমাণ হবে তার মুখ বরাবর"।[3]

হে আল্লাহর বান্দা! আপনি এভাবে চিন্তা করে দেখতে পারেন, আমার অবস্থা তখন কেমন হবে? আমি কি সেদিন সৌভাগ্যবান হবো না দুর্ভাগা? আমার জীবনের অধিকাংশ কাজ কি সৎ কাজ হয়েছে না পাপাচার বেশি হয়েছে? আমি কি মদ, ব্যভিচার, জুয়া, প্রতারণা, মিথ্যা কথা, দুর্নীতি, আমানতের খেয়ানত, অপরের সম্পদ আত্নসাৎ, অপরের মানহানি, অপরের দোষ চর্চা, অপবাদ, মিথ্যা মামলা-মুকাদ্দামা, সূদী কারবার, ঘুষ লেনদেন, খাবারে ভেজাল, ওয়াদা খেলাফী, ঋণ খেলাফী, ইসলামের শক্রদের সাথে বন্ধুত্ব, ইসলাম অনুসারীদের নিয়ে উপহাস তামাশা ইত্যাদি অনৈতিক কাজগুলো পরিহার করে চলতে পেরেছি, না এগুলো ছিলো আমার জীবনের নিত্য দিনের সঙ্গী? কাজেই কিয়ামতের এ কঠিন দিনের মুখোমুখী হওয়ার ব্যাপারে আল্লাহ-কে ভয় করুন। সকল বিষয়ে আল্লাহ-কে ভয় করে সাবধানতার সাথে পথ চলুন। দুনিয়ার জীবনে একবার ব্যর্থ হলে তা কাটিয়ে উঠা যায়। কিন্তু কিয়ামতের সময়ের ব্যর্থতার কোনো প্রতিকার নেই। কাজেই এখন থেকেই নিজের আমলের হিসাব নিজে করতে থাকুন।

আল্লাহ তা'আলা বলেন.

كَلَّآ إِذَا دُكَّتِ ٱلآَأَراكِضُ دَكًا دَكًا دَكًا ٢٦ وَجَآءَ رَبُّكَ وَٱلاَمَلَكُ صَفًا ٢٢ وَجِاْيَءَ يَوا مَئِذِ البَجَهَنَمَ ا يَوا مَئِذِ ﴿ كَلَّآ إِذَا دُكَّتِ ٱلآَأَرِيَاتِي ٢٤ ﴿ وَجِاْيَءَ يَوا مَئِذِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهُ الذِّكَارَىٰ ٢٣ يَقُولُ يُلَياآتَنِي قَدَّماَتُ لِحَيَاتِي ٢٤﴾ [الفجر: ٢١، ٢٤ عَكُ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهُ الذِّكارَىٰ ٢٣ يَقُولُ يُلَياآتَنِي قَدَّماَتُ لِحَيَاتِي ٢٤ ﴾ [الفجر: ٢١، ٢٤ مُنْ

"কখনো নয়, যখন পৃথিবীকে চূর্ণ-বিচূর্ণ করা হবে পরিপূর্ণভাবে। আর তোমার রব ও ফিরিশতাগণ উপস্থিত হবেন সারিবদ্ধভাবে। আর সেদিন জাহান্নামকে উপস্থিত করা হবে, সেদিন মানুষ স্মরণ করবে, কিন্তু সেই স্মরণ তার কী উপকারে আসবে? সে বলবে, হায়! যদি আমি কিছু আগে পাঠাতাম আমার এ জীবনের জন্য!" [সূরা আল-ফাজর, আয়াত: ২১-২৪]

ফটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৪৭৬০, সহীহ মুসলিম, হাদীস নং ২৮০৬।



- [2] সহীহ বুখারী, হাদীস নং ৬৫৩২।
- [3] সহীহ মুসলিম, হাদীস নং ২৮৬৪।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13514

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন